

## অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমষ্টিয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়বদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

### **MRT Line -2**

ঢাকা পরিবহন সমষ্টিয়ে কর্তৃপক্ষ (ডিটিসি) কর্তৃক Updating of the Revised Strategic Transport Plan (URSTP)-এর Final Report এর Maximum Transport Network Development Scenario অনুযায়ী MRT Line-2 এর প্রস্তাবিত Alignment হলো: গাবতলী-ঢাকা উদ্যান-বসিলা মোড়-মোহাম্মদপুর বিআরটিসি বাসস্ট্যান্ড-ঝিগাতলা-সাইন্সেল্যাব-নিউমার্কেট-আজিমপুর-লালবাগ-চকবাজার-মিটফোর্ড-নয়াবাজার-ধোলাইখাল-দয়াগঞ্জ-কাজলা-ডেমরা-তারাবো বাসস্ট্যান্ড এবং দৈর্ঘ্য প্রায় ২৩.৫০ কিলোমিটার। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নির্দেশনা অনুযায়ী এবং প্রস্তাবিত Alignment এর উপর ভিত্তি করে MRT Line-2 এর PDPP প্রস্তুত করে গত ২২ জুলাই ২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিশ্বব্যাংকের অনুদানে “Preparatory Project of the proposed Dhaka Mass Rapid Transit Development Project (Line-2) and Institutional Strengthening of Dhaka Mass Transit Company Limited under Grant Financing” শীর্ষক প্রকল্পের TAPP পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। একইসঙ্গে লাইন-2 এর Feasibility Study, Basic Design and Tender Document Preparation এর কাজে উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নের লক্ষ্যে TAPP প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।